গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়, নাটোর জেলা কারাগার
www.prison.natore.gov.bd

**নাটোর জেলা কারাগারের কারা পরিদর্শক বোর্ডের এবং খাদ্যের মান নিশ্চিত, ঔষধ ক্রয় ও ব্যবহারের বিষয়ে তদারকি কমিটির ত্রৈমাসিক সভার কার্য বিবরণী :**

সভাপতি : জনাব শামীম আহমেদ, জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর

তারিখ : ২৮ ডিসেম্বর'২০২১

সময় : বিকাল- ৪.০০ ঘটিকা

স্থান : জেল সুপারের কার্যালয়, , নাটোর জেলা কারাগার

উপস্থিত সদস্য : পরিশিষ্ট 'ক '

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যে সব বিষয় অদ্যাবধি বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তাকে তাগিদ দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অন্য কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিষয়ে নিম্নরুপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

**কার্যবিবরণী :**

| ক্র. নং | আলোচ্য বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | কারা অভ্যন্তরে বন্দিদের পড়াশুনার জন্য লাইব্রেরী ("বঙ্গবন্ধু বুক কর্ণার") নির্মাণ করণ; | প্রাক্কলন প্রস্তুত করত: দ্রুত ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় ; | ১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার নাটোর জেলা কারাগার। |
| ২. | নাটোর জেলা কারাগারের অফিস ভবন সম্প্রসারণসহ কনফারেন্স রুম নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষে দরপত্র আহবান করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ; | এ বিষয়ে দ্রুত দরপত্র আহবান করত কারা অধিদপ্তরে সকল কাগজ পত্রাদি প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় : | ১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার নাটোর জেলা কারাগার। |
| ৩. | নাটোর জেলা কারাগার নামযুক্ত' সুদৃশ্য তোরণ নির্মাণ ; | প্রাক্কলন প্রস্তুত করত: দ্রুত ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় ; | ১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার নাটোর জেলা কারাগার। |
| ৪. | নাটোর জেলা কারাগারের ৭.৫ (সাড়ে সাত) একর জমির খাজনা পরিশোধের নিমিত্ত নামজারী করণ ; | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত বিভাগ, নাটোরকে দায়িত্ব দেওয়া হয়েছে ; | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; |

চলমান পাতা-২

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৫. | নাটোর জেলা কারাগারের জমির পরিমাণ কম। মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা কারাগারকে সংশোধানাগারে রুপান্তর করণের লক্ষ্যে পূণর্বাসন কার্যক্রম পরিচালনার জন্য অত্র কারাগারের বিদ্যমান জমি ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য ) একর জমির সাথে আরো ১০.০০ (দশ দশমিক শূন্য শূন্য) একর জমি অধিগ্রহণ ; | জমি অধিগ্রহণের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ; | ১. নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার<br>নাটোর জেলা কারাগার। |
| ৬. | পশ্চিম পার্শ্বস্থ ডোবা ভরাটের ব্যবস্থা গ্রহণ; | এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ; | ১. নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার<br>নাটোর জেলা কারাগার। |
| ৭. | পয়: নিষ্কাশনের জন্য পশ্চিম পার্শ্বে ড্রেন নির্মাণ করে দক্ষিণ পার্শ্বে বিদ্যমান ড্রেনের সংগে সংযুক্ত করণ ; | প্রাক্কলন প্রস্তুত করত: দ্রুত ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় ; | ১. নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার<br>নাটোর জেলা কারাগার। |
| ৮. | পশ্চিম পার্শ্বস্থ ১.৫ (দেড়) একর জমির সীমানা প্রাচীর নির্মাণ করে তা বিদ্যমান সীমানা প্রাচিরের সংগে সংযুক্ত করণ ; | এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ; | ১. নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং<br>২. জেল সুপার<br>নাটোর জেলা কারাগার। |
| ৯. | সকলের উপস্থিতিতে কারাবন্দিদের খাবারের মান যাচাই-বাছাই করা হয়। বন্দিদের জন্য সরবরাহকৃত চাল ও গমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সময় জেল সুপার জানান যে, চাল ও গম সরকারী খাদ্য গুদাম হতে সরবরাহ নিয়ে আসা হয়। চাল ও গমসহ অন্যান্য খাবারের মান মানসম্মত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ; | সরকারী খাদ্য গুদাম হতে সরবরাহকৃত চাল ও গমসহ অন্যান্য খাদ্য সামগ্রী সঠিক মানের সরবরাহ বুঝে নেয়ার জন্য জেল সুপার, নাটোরকে বলা হলো। | ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর ; এবং<br>২। জেল সুপার<br>নাটোর জেলা কারাগার। |
| ১০. | কারা অভ্যন্তরের হাসপাতালে বন্দিদেরকে সঠিক সেবা প্রদান এবং সরবরাহকৃত ঔষধের মান নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ঔষধের মান সন্তোষজনক বলে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। ডাঃ মো. মাহমুদুল হাসান, সহকারী সার্জন (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, কারা হাসপাতালে মেয়াদ উত্তীর্ণ কোন ঔষধ নেই এবং কারা হাসপাতালে পর্যাপ্ত পরিমাণ ঔষধ সরবরাহ রয়েছে। | পর্যাপ্ত ঔষধ মজুদ রাখা এবং ঔষধের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই তা ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্টদের বলা হলো। ঔষধের সঠিক ব্যবহার এবং হাসপাতালের সেবার মান সঠিক রাখার জন্যও বলা হয়। | ১। জেল সুপার<br>নাটোর জেলা কারাগার ; এবং<br>২। ডাঃ মো. মাহমুদুল হাসান<br>সহকারী সার্জন (ভারপ্রাপ্ত)<br>কারা হাসপাতাল<br>নাটোর জেলা কারাগার। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

০২/১২/2022

(শামীম আহমেদ)
জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর
ও
সভাপতি
কারা পরিদর্শক বোর্ড
নাটোর জেলা কারাগার।

F:\1-Mizan-32301-Natore Eb\Natore\bord of visitor\Resulation Nikosh.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়, নাটোর জেলা কারাগার
www.prison.natore.gov.bd

পত্র নং ৫৮.০৪.৬৯০০.১৩০.০১.০০১.২২-২০৪/২০

তারিখ : ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, কারা অধিদপ্তর, ঢাকা ;
২. কারা উপ-মহাপরিদর্শক রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৩. বিজ্ঞ জেলা ম্যাজিষ্ট্রেট, নাটোর ;
৪. পুলিশ সুপার, নাটোর ;
৫. সিভিল সার্জন, নাটোর ;
৬. বিজ্ঞ অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর ;
৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নাটোর ;
৮. জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর ;
৯. এ্যাড. মোঃ সাজেদুর রহমান খান, চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর ;
১০. মেয়র, নাটোর পৌরসভা।

( মোহাম্মদ আবদুর রহিম )
বিজে ০২৭৫৯৯০০২০৮
জেল সুপার
নাটোর জেলা কারাগার
☎ ০২৫৮৮৮৭৪০৮৫
e-mail : djnatore@gmail.com